মেহেরপুর জেলা প্রেস ক্লাবের প্রতিষ্ঠাবার্ষিকী ও চিত্রাঙ্কন প্রতিযোগীতা

আজ মেহেরপুর জেলা প্রেস ক্লাবের ৫ম প্রতিষ্ঠাবার্ষিকী। ২০১৭ সালের এই দিনে সাংবাদিকদের অধিকার আদায় ও পেশাগত মর্যাদার বৃদ্ধির লক্ষ্যে যাত্রা শুরু করেছিলো মেহেরপুর জেলা প্রেস ক্লাব।

জেলা প্রেস ক্লাবের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে আজ কাশারি বাজারস্থ জেলা প্রেস ক্লাব কার্যালয়ে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগীতার আয়োজন করা হয়েছে।

চিত্রাঙ্কন প্রতিযোগীতায় মেহেরপুর শহরের ৬টি শিক্ষা প্রতিষ্ঠানে ১২ জন শিশু শিক্ষার্থী চিত্রাঙ্কন প্রতিযোগীতায় রেজিস্ট্রেশন করেছে। আজ শুক্রবার সকাল ১০টায় এ প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগীতা শেষে দুপুর ১২ টায় বিজয়ীদের মাঝে পুরুস্কার বিতরণ করা হবে। মেহেরপুর পৌর মেয়র মাহফজুর রহমান রিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ী শিশুদের হাতে পুরস্কার তুলে দিবেন।

প্রতিযোগীতায় অংশগ্রহণকারীরা হলো-বি.এম মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের আছিয়া খাতুন, রওজাতুল ফেরদৌস রাইয়া, জিনিয়াস ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের ফাবিহা রহমান মাহি, নাফিসা তাবাসুম মালিহা, মিশন প্রাথমিক বিদ্যালয়ের মোহনা ফেরদৌস, মেহেজাবিন তৌফিক, এস এম সরকারী প্রাথমিক বিদ্যালয়ের আরিবা ফাইরুজ ওহী, অনন্যা ইসলাম, হাজী গোলাম কাওছার গ্লোরিয়াস প্রি-ক্যাডেট একাডেমীর মুনতাসির সাইফ, আনিকা ইবনাত জেবা ও অক্সফোর্ড কিন্ডার গার্টেনের ঋষিকেশ সরকার দিব্য ও মেধা বিনতে মাহামুদ।

জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুসহ প্রেস ক্লাবের সদস্যরা প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে অতিথিদের স্বাগত জানাবেন।

[redacted] ‘[redacted] [redacted]’ [redacted] [redacted] [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সূত্র : বিডিজবস

কোটচাঁদপুরে ‘দিগন্তবাণী’ পত্রিকার পাঠক সমাবেশে অনুষ্ঠিত

ঝিনাইদহ জেলা থেকে প্রকাশিত সাপ্তাহিক দিগন্তবাণী পত্রিকার এক যুগ পূর্তি ও ১৩তম বর্ষে পর্দাপন উপলক্ষে আজ (শনিবার) এক পাঠক সমাবেশের আয়োজন করা হয়।

কোটচাঁদপুর পৌর পাঠাগার মিলনায়তনে দিগন্তবাণী সম্পাদক আলহাজ্ব মুহাঃ শাহ জামান সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোটচাঁদপুর উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি আলহাজ্ব আব্দুল মজিদ খান, বিশেষ অতিথি ছিলেন পবিত্র আল মদিনা মোনাওয়ারার মাসজিদ আল মাইমানির ইমাম (খাদেমুল হুজ্জাজ) আলহাজ্ব মোঃ রবিউল ইসলাম,কোটচাঁদপুর পৌর সভার প্যানেল মেয়র মোঃ জাহিদ হোসেন,জাতীয় পার্টির উপজেলা সভাপতি আব্দুল মাজেদ, সাহিত্যিক ও লেখক মোঃ আশরাফ উদ্দিন, মোঃ আব্দুস সালাম, (খাদ্য নিয়ন্ত্রক অব:) উপজেলা যুবলীগ আহ্বায়ক মীর মনিরুল আলম মনি এবং অথিতি পাঠকদের মধ্যে সহ-অধ্যাপক মোঃ আলতাফ উদ্দিন(জিটি কলেজ), যুবলীগ নেতা শেখ মঈনুদ্দিন, বক্তব্য রাখেন।

অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলাওয়াত করেন মোঃ আব্দুল হালিম। এ সময় সাংবাদিক মোঃ রায়হান উদ্দিন,মোঃ বাবলু মিয়া, দিগন্তবাণীর পাঠক মনোজ মালাকার, এইচ এম ইলিয়াস,নাবিল আব্দাল্লাহ আহমাদ, নাসিফ আব্দাল্লাহ মুহাম্মাদ, মোঃ বাববর আলী প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন সাংবাদিক মোঃ মঈন উদ্দিন খান।

পাঠক সমাবেশে দিগন্তবাণী সম্পাদক আলহাজ্ব মুহাঃ শাহ জামান ও প্রধান অতিথি আলহাজ্ব আব্দুল মজিদ খান বক্তব্য রাখছেন।

সাংবাদিক জনি চুয়াডাঙ্গা থেকে গ্রেফতার

চাঁদাবাজি ও প্রতারণা মামলায় এশিয়ান টেলিভিশনের মেহেরপুর জেলা প্রতিনিধি সাংবাদিক মিজানুর রহমান জনিকে চুয়াডাঙ্গা শহর থেকে গ্রেফতার করেছে সদর থানা পুলিশ।

গতকাল সন্ধ্যায় চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের সহায়তায় তাকে মেহেরপুর সদর থানা পুলিশের একটি টিম তাকে গ্রেফতার করে। তােকে এনটিভির সাংবাদিকের ক্যামেরা ছিনতাই ও চাঁদাবাজি মামলায় গ্রেফতার করা হয়েছে।

মেহেরপুর সদর থানার ওসি রফিকুল ইসলাম বলেন, এনটিভির সাংবাদিক রেজ আন উলবাসারের দায়ের করা মামলায় তাকে গ্রেফতার দেখানো হয়েছে। তার বিরুদ্ধে আরো অনেক অভিযোগ রয়েছে।

গত ২২ নভেম্বর মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতে হাজির হয়ে মামলা দায়ের করেন বাদী রেজ আন উল বাসার তাপস। আদালতের বিজ্ঞ বিচারক মামলাটি আমলে নিয়ে মেহেরপুর সদর থানাকে এফআইআরের নির্দেশ দেন।

মামলার এজাহারে বাদীর অভিযোগ, আসামী অত্যন্ত দুর্ধর্ষ, দাঙ্গাবাজ, সন্ত্রাসী এবং চাঁদাবাজ প্রকৃতির লোক। বাদী দীর্ঘ ১১ বছর যাবৎ এনটিভির মেহেরপুর জেলা প্রতিনিধি হিসাবে সেই কর্মরত রয়েছেন। সেই সুবাদে বাদীর সাথে আসামীর পরিচয় হয়। গত ১/১১/২০২১ তারিখে আসামি মেহেরপুর কমিউনিটি সেন্টার কফির দোকানে বসিয়া বলে যে আমি আমার পরিবারের ছবি উঠানোর কথা বলে বাদীর এনটিভির জন্য ব্যবহৃত ডিএসএলআর ক্যামেরা কয়েকদিনের জন্য নেয়। যার মূল্য আনুমানিক এক লাখ টাকা। কিন্তু আসামী মিজানুর রহমান জনি কয়েকদিনের জন্য ক্যামেরা নিলেও আর ফেরত না দিয়ে দিনের পর দিন ঘুরাইতে থাকে। এক পর্যায়ে আসামী ৫০ হাজার টাকা চাঁদার বিপরীতে ক্যামেরা ফেরত দিতে রাজি হয়। বাদি অনুপায় হয়ে বিভিন্ন সময় নগদ ও বিকাশের মাধ্যমে ৪৭ হাজার টাকা দেয়। তারপরেও আসামী ক্যামেরা ফেরত না দিয়ে আজকাল বলে ঘুরাইতে থাকে। পরে বিষয়টি বিভিন্ন জনকে জানালে আসামী

আরো ৩০ হাজার টাকা দাবি করে অন্যাথায় বাদীর ছবি ও ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করবে বলে হুমকি প্রদান করে। এছাড়া আসামী বিভিন্ন সময় বাদীকে নানাভাবে ভয়ভীতি ও প্রাণনাশের হুমকি দেয়। আসামী সাংবাদিক পরিচয় দিয়ে বিভিন্ন মানুষের সাথে প্রতারণা করে চলেছে। আসামীর বিরুদ্ধে আদালতে চাঁদাবাজির মামলা চলমান রয়েছে।

এছাড়া সম্প্রতি হোটেল আটলান্টিকা নিয়ে ব্ল্যাকমেইলার চার সাংবাদিকের মধ্যে মিজানুর রহমান জনি অন্যতম। ওই মামলার আসামি প্রিয়া খান ও ছন্দা খাতুন পৃথক পৃথক জবানবন্দীতে মিজানুর রহমান জনিকে অভিযুক্ত করেছেন। যা নিয়ে গত ১ ডিসেম্বর মেহেরপুর প্রতিদিন সংবাদ প্রকাশ হয়। সংবাদ প্রকাশের পর থেকে মিজানুর রহমান জনি আত্মগোপনে ছিলেন।

মেহেরপুর আদালতে হোটেল আটলান্টিক নিয়ে নাজনীন খান প্রিয়ার ১৬৪ ধারায় জবানবন্দী

অনৈতিক সম্পর্কের ভিডিও ধারণ করে অর্থ হাতিয়ে নেওয়ার অন্যতম হোতা নাজনীন খান প্রিয়া ওরফে প্রিয়া খান রিমাণ্ড শেষে আদালতে ১৬৪ ধারায় জবানবন্দী দিয়েছে।

গত সোমবার বিকালে মেহেরপুরের জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট মো: তারিক হাসানের খাস কামরায় প্রিয়া খান জবানবন্দী দেন।

প্রিয়া খান তার জবানবন্দীতে আটলান্টিক হোটেল মালিক মতিয়ার রহমান, তার ছেলে মামুন ও কয়েকজন সাংবাদিককে অভিযুক্ত করেছেন। জবানবন্দীতে তিনি জানান, মউক পরিচালিত মানবতার চোখ অনলাইন পোর্টালে কাজ করার সুবাদে হোটেল আটলান্টিকায় বিজ্ঞাপন নিতে গিয়ে হোটেল মালিক মতিয়ার ও তার ছেলে মামুনের সাথে পরিচয় হয়। সাংবাদিকতা ছেড়ে দেওয়ার পর হোটেল আটলান্টিকায় গিয়ে কাজ চাইলে তারা আমাকে কাজ দেওয়ার কথা বলে। আনুমানিক দেড় মাস আগে সকাল ১১

টার দিকে হোটেল মালিকের ছেলে মামুন আমাকে ফোনে ডাকে। আমি সেখানে যাওয়ার পর মামুন আমাকে অন্যের সাথে শারীরিক সম্পর্ক করার প্রস্তাব দেয়। মামুন আমাকে আমঝুপির মৃত মোজাফফর হোসেনের ছেলে সাইদ ও সাইদের সাথে থাকা আরেকজনের সাথে শারীরিক সম্পর্ক করার জন্য বলা হয়। আমি নির্দিষ্ট রুমে অপেক্ষা করতে থাকি। কিছুক্ষণ পর সাইদ ও তার সাথে আরেকজন ব্যক্তি আসে। আমি প্রথমে সাইদের সাথে এবং পরে ওই ব্যক্তির সাথে শারীরিক সম্পর্ক করি। এ জন্য মামুন আমাকে ৪হাজার টাকা দেয়। আমি পরে জানতে পারি মামুন তাদের কাছে ১০ হাজার টাকা নিয়েছে। কিন্তু আমি জানতাম না যে, মামুন গোপনে সেগুলো ভিডিও কেও এবং বিভিন্ন সাংবাদিকদের কাছে দিয়ে দেয়। পরে জানতে পারি, সাংবাদিকরা ওই ভিডিও ইন্টারনেটে ভাইরাল করে দেওয়ার হুমকি দিয়ে সাইদের কাছে ৫ লাখ টাকা চাঁদা দাবী করে। মামুন ও তার পিতা মতিয়ার সাংবাদিকদের মাধ্যমে এইসব কার্যক্রম করে থাকে।

প্রিয়া খান জবানবন্দীতে আরো জানায়, সে, বর্ষা বিপাশা, বিপাশার মা সবাই মল্লিকপুকুরের পাশে ডক্টরস ল্যাবের ৩য় তলায় জিমে গিয়ে জিম করেন এবং অবসরে সেখানে আড্ডা দেন। বর্ষা, নুসরাত, বিপাশা, ছন্দা, আরমা, আকসা, তামান্না ছাড়াও অনেকে আটলান্টিক হোটেল মালিক মতিয়ার ও তার ছেলে মামুনের সহায়তায় গোপনে ভিডিও করে এবং সাংবাদিকদের মাধ্যমে সেই ভিডিও দিয়ে বিভিন্ন লোকের কাছে মোটা অংকের চাঁদাবাজী করে।

জবানবন্দী শেষে জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট তারিক হাসান তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

উল্লেখ্য, গত ২৩ নভেম্বর ভোররাতে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি), সদর থানা পুলিশ মঙ্গলবার দিবাগত রাতে শহরের হোটেল বাজার এলাকার ভাড়া বাসা থেকে প্রিয়া খানকে গ্রেফতার করেন।

এর আগে মনোয়ার হোসেন নামের এক ভূক্তভোগী মঙ্গলবার তাকে আসামি করে দণ্ডবিধির ৪১৭/৩৮৫/৩৮৬/৫০৬ ধারায় একটি মামলা দায়ের করেন। মামলা নং ৩২, তারিখ ২২/১১/২০২২ইং।

নাজনীন খান প্রিয়া চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দুলালনগর গ্রামের নাজমুল হোসেনের মেয়ে। বর্তমানে মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকায় একটি ভাড়া বাসাতে বসবাস করছেন তিনি।

বাদীর অভিযোগপত্র থেকে জানা যায়, মানব উন্নয়ন কেন্দ্র মউকে চাকুরী সূত্রে মোছা: নাজনীন খান প্রিয়া ওরফে প্রিয়া খানের সাথে

পরিচয় হয়। কাজের সূত্রে আমঝুপি ফার্ম সংলগ্ন মউক হেলথ কেয়ারের দায়িত্ব পালনের সময়ে গত তিন মাস আগের ২৩/০৮/২২ তারিখে আনুমানিক বেলা ১২টার সময়ে আমাকে ছাদে যাওয়ার জন্য ডাকলে, আমি সরল বিশ্বাসে ছাদে উঠলে, আমাকে জড়িয়ে ধরে বেশ কয়েকটি ছবি তোলে, আমি স্বাভাবিকভাবে সহজ-সরল বিশ্বাসে সহকর্মী হিসাবে তখন কিছু বলিনি। কিন্তু বর্তমানে নাজনিন খান প্রিয়া আসামাজিক আচারণের দায়ে মানব উন্নয়ন কেন্দ্র মউক হতে গত ৩০ সেপ্টেম্বর চাকুরিচ্যুত হন।

চাকরিচ্যুত হওয়ার পর গত দুই মাস যাবৎ তিনি বিভিন্ন সময়ে আমাকে পূর্বের সেই ঘনিষ্ট ছবিগুলি ভাইরাল করে দিবে ও পত্রিকায় সংবাদ ছাপানোর ভয় দেখিয়ে দুই লক্ষ টাকা চাঁদা দাবী করেন। ইতোমধ্যে আমি সামাজিক ও পারিবারিক ভয়ে তাকে বিশ হাজার টাকা প্রদান করেছি। এর পরে নাজনীন খান প্রিয়া বিভিন্ন নাম্বার থেকে ফোন দেওয়ায়, ভয়ে আমি আমার ব্যবহৃত সিমটি ফেলে দিয়েছি। বর্তমানে আমি সব সময় আতঙ্কিত আছি যেকোন সময়ে নাজনীন খান প্রিয়াসহ তাদের গ্রুপ আমাকে ব্ল্যাক মেইল করে বড় ধরনের ক্ষয়-ক্ষতি ও মামলা-মোকদ্দমা করিয়ে সামাজিক ও পারিবারিক ভাবে হেয় প্রতিপন্ন করে নিঃস্ব করে দেবে।

প্রসঙ্গত, গত ২৯ নভেম্বর দিবাগত রাতে হোটেল আটলান্টিকের মালিক মতিয়ার, তার ছেলে মামুন ও ছন্দা নামের এক নারী আটক হয়। পরে ছন্দা আদালতে ১৬৪ ধারা জবানবন্দী প্রদান করে। জবানবন্দীতে উঠে আসে নানা তথ্য। এ চক্রের সাথে জড়িত চার সাংবাদিক ও এক আইনজীবী শিরোনামে ১ ডিসেম্বর বৃহস্পতিবার মেহেরপুর প্রতিদিনে প্রধান শিরোনামে সংবাদ প্রকাশ হয়। এ ঘটনার পর থেকে জবানবন্দীতে আসা ব্যক্তিরা গা ঢাকা দিয়েছেন। এ কার্যক্রমের সাথে জড়িত নারীরা পলাতক রয়েছেন।

গাংনীতে সাংবাদিক সাজুর পিতার স্মরণে দোয়া ও মিলাদ মাহফিল

দৈনিক মানব জমিনের মেহেরপুর জেলা প্রতিনিধি ও গাংনী উপজেলা প্রেস ক্লাবের সদস্য সাহাজুল ইসলাম সাজুর পিতা প্রয়াত দবির উদ্দীনের স্মরণে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

রবিবার দুপুরে গাংনী উপজেলা প্রেস ক্লাবের আয়োজনে এই দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এম এ লিংকন, সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেলসহ প্রেস ক্লাবের সদস্যবৃন্দ।

গাংনী উপজেলা পরিষদের ঈমাম মাওলানা মোহাম্মদ ইলিয়াস হোসেন দোওয়া ও মোনাজাত করেন।

সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, সম্পাদক মাহাবুব আলম

মেহেরপুরের গাংনী প্রেসক্লাবের দ্বিবার্ষিক নির্বাচন ২০২২ সম্পন্ন হয়েছে। এতে বিজয় টিভি ও দৈনিক সময়ের আলো পত্রিকার জেলা প্রতিনিধি তৌহিদ উদ দৌলা রেজা সভাপতি ও মাইটিভি ও বণিক বার্তার জেলা প্রতিনিধি মাহাবুব আলম সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন। আজ বৃহষ্পতিবার এ নির্বাচন সম্পন্ন হয়েছে।

প্রেসক্লাবের নির্বাচনের ফলাফল ঘোষণা করেন নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি আল আমিন হোসেন। নির্বাচন পরিচালনা কমিটির সদস্য আরটিভি প্রতিনিধি মাজেদুল হক মানিকের সঞ্চালনায় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারি কমিশনার(ভুমি) নাদির হোসেন শামীম, গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাডভোকেট শফিকুল আলম, নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব রফিকুল আলম।

নির্বাচনে প্রেসক্লাবে ৯ সদস্য বিশিষ্ট কার্যকরি কমিটির নাম ঘোষণা করা হয়। অন্যান্য সদস্যরা হচ্ছেন- সহ-সভাপতি মজনুর রহমান আকাশ, যুগ্ম সম্পাদক জুরাইস ইসলাম, কোষাধ্যক্ষ তাহেরুল ইসলাম তপন, সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান, দপ্তর সম্পাদক জিনারুল ইসলাম দিপু, নির্বাহী সদস্য নুহু বাঙ্গালী ও হাবিবুর রহমান।

নির্বাচনে বিজয়ীদের শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন জেলা উপজেলা বিভিন্ন শ্রেনী পেশার মানুষ।

নির্বাচনী ফলাফল ঘোষণার পর সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনায় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন,সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন, বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন, জেলা প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক আকতারুজ্জামান প্রমুখ।

দামুড়হুদায় জাগ্রত জনতার বর্ষপূর্তি পালন

দামুড়হুদা উপজেলা সদরের মানবতার সেবাই “জাগ্রত জনতার” এক বছর পূর্তি উপলক্ষ্যে কেক কেটে জন্মদিন পালন করা হয়। গতকাল রাত সাড়ে ১০টার দিকে দামুড়হুদা মডেল থানায় অনুষ্ঠিত হয়।

জানা যায় নিজ উদ্দ্যগে সমাজের তৃণমূল পর্যায়ের মানুষের উপকার করার জন্য জাগ্রত জনতা নামে সংগঠন প্রতিষ্ঠা করেন দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ছোট দুধপাথিলার মৃত মাওলানা জালাল উদ্দীন এর বড় সন্তান ফারইষ্ট ইসলামী লাইফ ইন্সুইরেন্স কোম্পানী লিমিটেড এর চুয়াডাঙ্গা জোনাল ম্যানেজার এবং ব্রাকের কৃত্রিম প্রজনন কর্মী এআইএসপি জাহাঙ্গীর আলম। অত্র সংগঠনের এক বছর পূর্তি উপলক্ষ্যে দামুড়হুদা মডেল থানায় কেক কেটে সংগঠনের জন্মদিন পালন করা হয়।

জাগ্রত জনতার প্রধান জাহাঙ্গীর আলম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী। এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সিঃ সহ সভাপতি মোজাম্মেল শিশির, এসআই আসাদুজ্জামান, দৈনিক মাথাভাঙ্গার দামুড়হুদা প্রতিনিধি মিরাজুল

ইসলাম মিরাজ, দৈনিক পশ্চিমাঞ্চল প্রত্রিকার দামুড়হুদা প্রতিনিধি আরিফুল ইসলাম মিলন, দৈনিক মেহেরপুর প্রতিদিন প্রত্রিকার দামুড়হুদা প্রতিনিধি রকিবুল হাসান তোতা, সাগর আহাম্মেদ ও আলামিন হোসেন।

এসময় প্রধান অতিথি বলেন, সমাজের অনেক উচ্চবিত্ত মানুষ আছে কিন্তু মানবতার সেবায় সবাই কাজ করতে পারেনা। তৃণমূল মানুষের পাশে থেকে কাজ করার জন্য তাকে ধন্যবাদ দেন।

মেহেরপুরে সাংবাদিকের মায়ের মৃত্যু

দৈনিক মেহেরপুর প্রতিদিনে’র স্টাফ রিপোর্টার শহিদুল ইসলামের মা ও সময় টেলিভিশনের স্টাফ রিপোর্টার খাদিজা খাতুন স্বপ্নার দাদী জহুরা খাতুন ইন্তেকাল করেছেন।(ইন্নালিল্লাহী ওয়া ইন্না এলাহী রাজিউন)।

মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৫ বছর। তার স্বামী, এক ছেলে, দুই মেয়ে সহ অসংখ্য গুণাগ্রহী রয়েছে।

আজ শনিবার (২৬ নভেম্বর) সকাল ৮ টার দিকে হৃদরোগে আক্রান্ত হয়ে জহুরা খাতুন তার নিজ বাড়িতে মৃত্যু বরণ করেন।

সাংবাদিক শহিদুল ইসলামের মায়ের মৃত্যুতে মেহেরপুর প্রতিদিন পরিবার শোকাহত।

আজ বাদ আসর আমঝুপি মাদ্রাসা প্রাঙ্গণে জানাজা শেষে আমঝুপি উত্তরপাড়া কবরস্থানে দাফন করা হবে।

শহিদুল ইসলামের মায়ের মৃতুতে মেহেরপুর প্রতিদিনের সম্পদাক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, বার্তা সম্পাদক জুলফিকার আলী কাননসহ সাংবাদিকরা শহিদুল ইসলামের গ্রামের বাড়ি আমঝুপিতে ছুটে যান।

আজ বাদ আছর জানাযাশেষে আমঝুপি উত্তরপাড়া কবরস্থানে দাফন করা হবে। সকল শ্রেণী পেশার মানুষকে অংশগ্রহণ করার জন্য তার পরিবারের পক্ষ থেকে অনুরোধ করা হয়েছে।